

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 09 FEB 1990
সূত্র ... কনস ...

দৈনিক ইত্তেফাক

02

প্রাথমিক বৃত্তি পরীক্ষার ফল প্রকাশ
১৯৮৯ সনে অনুষ্ঠিত প্রাথমিক বৃত্তি পরীক্ষার ফলাফল গতকাল (রবিবার) ঘোষণা করা হইয়াছে। সারাদেশে ১ লাখ ৬০ হাজার ১ (শেষ পৃ: ৩-এর ক: প্র:)

প্রাথমিক বৃত্তি পরীক্ষার (১ম পৃ: পর)
শত ১ জন পরীক্ষার্থী এই পরীক্ষায় অংশগ্রহণ করে। ইহার মধ্যে ২ হাজার ৩শত ১২ জন টেলেন্টপুল এবং ৯ হাজার ৭শত ১২ জন সাধারণ গ্রেডে বৃত্তি পাইয়াছে। স্ব স্ব জেলা, উপজেলা শিক্ষা অফিস বা উপজেলা চেয়ারম্যানের কার্যালয়ে ফলাফল পাওয়া যাইবে। ইছাড়া প্রাথমিক শিক্ষার বিভাগীয় উপ-পরিচালকের কার্যালয়েও ফলাফল জানা যাইবে।

পরীক্ষায় ঢাকা বিভাগের ৪৬,৮৮৮ জন পরীক্ষার্থীর মধ্যে ৬৭৭ জন টেলেন্টপুল এবং ২৭৭০ জন সাধারণ গ্রেডে, খুলনা বিভাগের ২৭০৮৮ জন পরীক্ষার্থীর মধ্যে ৪৭১ জন টেলেন্টপুল এবং ১৯৬৪ জন সাধারণ গ্রেডে, চট্টগ্রাম বিভাগের ৪২৯৬৭ জন পরীক্ষার্থীর মধ্যে ৬০৪ জন টেলেন্টপুল এবং ২৬৩০ জন সাধারণ গ্রেডে এবং রাজশাহী বিভাগের ৪৩১৫৮ জন পরীক্ষার্থীর মধ্যে ৫৬০ জন টেলেন্টপুল এবং ২৩৫৮ জন সাধারণ গ্রেডে বৃত্তি লাভ করিয়াছে।
— তথ্যবিবরণী।